

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
পিরোজপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ
পিরোজপুর
e-mail : tscpirojpur@yahoo.com



নোটিশ

এতদ্বারা অত্র প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান কার্যক্রম গ্রহন করা হয়েছে।

১। ইতোপূর্বে SAF পুরন করে জমা দেয়ার জন্য অত্র দপ্তর হতে ৩০-৩-২০২১খ্রিঃ তারিখ সময়সীমা দিয়ে বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছিল।

১। যারা বৃত্তির জন্য এখনও পর্যন্ত আবেদন করে নি, তাদেরকে জরুরী ভিত্তিতে নিম্নলিখিত কাগজপত্র ও প্রয়োজনীয় তথ্য প্রদানপূর্বক আবেদন করতে বলা হলো।

ক) জন্ম সনদের ফটোকপি।

খ) মা ও বাবার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

গ) সর্বশেষ পাশকৃত পাবলিক পরীক্ষায় অংশগ্রহন বা উত্তীর্ণ হওয়ার দলিলাদি(যেমনঃ ২০২১ সনে ভর্তি হওয়া নবম শ্রেণীর শিক্ষার্থীদের জেএসসি/জেডিসি পরীক্ষার মার্কশীট/অ্যাডমিট কার্ড/রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি। ২০১৯, ২০২০ সালে ভর্তি হওয়া নবম শ্রেণীর শিক্ষার্থীদের যথাক্রমে নতুন দশম ও পরীক্ষার্থী-২০২১] জেএসসি/জেডিসি পরীক্ষার মার্কশীট এর ফটোকপি। ২০১৯ ও ২০২০ সনে ভর্তি হওয়া একাদশ শ্রেণীর শিক্ষার্থীদের এসএসসি/ এসএসসি(ভোকেশনাল) পরীক্ষার মার্কশীট এর ফটোকপি।)।

ঘ) পাসপোর্ট সাইজের ১ কপি রঞ্জীন ছবি।

২। অনেক শিক্ষার্থী পুরাতন ফর্মে আবেদন করেছে এবং উপরোল্লিখিত কাগজপত্র জমা দেয় নি। তাদেরকে কাগজপত্র সহ তথ্য সংশোধন অথবা নতুন ফর্মে আবেদন করার জন্য বলা হলো।

৩। অনেক শিক্ষার্থী বেশ কিছু ভুল তথ্য দিয়ে আবেদনপত্র পুরন করেছে। তাদেরকে কাগজপত্র সহ তথ্য সংশোধন অথবা নতুন ফর্মে আবেদন করার জন্য বলা হলো।


৪। পিতা/মাতা/বৈধ অভিভাবকের জাতীয় পরিচয়পত্র দিয়ে খোলা ব্যাংক/মোবাইল ব্যাংকিং অ্যাকাউন্ট।

৫। যাদের পিতা/মাতা/বৈধ অভিভাবকের ব্যাংক/মোবাইল ব্যাংকিং অ্যাকাউন্ট নেই তাদেরকে পিতা/মাতা/বৈধ অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও যার নামে অ্যাকাউন্ট হবে তার ১কপি পাসপোর্ট সাইজের ছবি নিয়ে জরুরী ভিত্তিতে উপরোল্লিখিত কাগজপত্রসহ আবেদন করতে বলা হলো।

উল্লেখ্য ব্যাংক কর্তৃপক্ষ তাৎক্ষনিক অ্যাকাউন্ট তৈরিতে সহযোগিতা করবে।

এই আবেদন বৃত্তিপ্রাপ্যদের তালিকা প্রস্তুতে ব্যবহৃত হবে। বৃত্তির নীতিমালা অনুসরনে এই তালিকা হতে চূড়ান্ত বৃত্তিপ্রাপ্য শিক্ষার্থী নির্বাচিত হবে। অর্থাৎ এই আবেদনই বৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না।

অধিকতর তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারী অথবা জনাব মনিউল হাসান, ইন্সট্রাক্টর(ডেস মেকিং), অত্র প্রতিষ্ঠান এর সহিত (০১৭১২৫৯৭৫২৫) যোগাযোগের জন্য বলা হলো।


২৭/০৪/২০২১

(মুহাম্মদ ফেরদৌস আরেফীন)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

পিরোজপুর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ

পিরোজপুর

ফোনঃ ০৪৬১-৬২৮২১

মোবাইলঃ ০১৯১২৪১৭০৯১